

বিজ্ঞপ্তি

ময়মনসিংহ মেডিকেল কলেজে ২০১১-২০১২ শিক্ষা বর্ষে ১ম বর্ষ বিডিএস কোর্সে অপেক্ষমান তালিকা হইতে ভর্তির জন্য নির্বাচিত ছাত্র/ছাত্রীগনকে জানানো যাইতেছে যে, তাহাদেরকে আগামী ৩১/১২/২০১১ ইং তারিখ শনিবার নিম্নে উল্লেখিত কাগজপত্রসহ সকাল ৮.০০ - ৯.০০ ঘটিকার মধ্যে ছাত্র/ছাত্রীকে নিজে উপস্থিত হয়ে ভর্তির কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ দেওয়া হইল।

১. On line application এর Student Copy
২. On line download কৃত Admit card।
৩. এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড এর মূল কপি
৪. এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর মূল কপি।
৫. এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার পাশের সনদপত্র / টেস্টিমোনিয়াল এর মূল কপি।
৬. জেলা কোঠার দাবীর ক্ষেত্রে সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত কর্তৃক নাগরিক সনদপত্রের মূল কপি।
৭. চার কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
৮. পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের সনদ ও অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত এবং অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশ্লিষ্ট ডিপুটি কমিশনার পদত মূল সনদপত্র।
৯. প্রার্থীর পিতা মাতার মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণের স্বপক্ষে ১৯৯৭-২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতীক্ষারিত সনদ বা মুক্তিযুদ্ধ বিষয় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/ প্রতীক্ষারিত ও সচিব স্বাক্ষরিত মূল সনদপত্র।
১০. ও লেবেল এবং এ লেভেল / সমমানের মার্কসীট ডিজি অফিস জারীকৃত মূল সনদপত্র।

উল্লেখ্য যে, নির্ধারিত কমিটি কর্তৃক ভর্তি সংক্রান্ত কাগজপত্র যাচাই-বাচাই করার পর স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ত বলিয়া প্রমাণিত হইলে এবং ভর্তির ফি বাবদ ৬৩০০/- (ছয় হাজার তিনশত) টাকা জমা দেওয়া সাপেক্ষে ভর্তি করা হইবে।

স্বাক্ষরিত

(ডাঃ মোঃ মতিউর রহমান)

অধ্যক্ষ

ময়মনসিংহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ।

অনুলিপি কার্যার্থে/ জ্ঞাতার্থে:

১. পরিচালক, চিকিৎসা শিক্ষা স্বাস্থ্য ও জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা -১২১২।